

MC - OK

AH-I/Bengali/CC-I/18

B.A. 1st Semester (Honours) Examination, 2018 (CBCS)

Subject : Bengali

Paper : CC-I

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর দাও :

২×১০=২০

- (ক) চর্যাপদের দু'জন টীকাকার ও তাঁদের গ্রন্থের নাম লেখো।
- (খ) চৈতন্য সমকালীন ও চৈতন্য পরবর্তী একজন ক'রে বৈষ্ণব পদরচয়িতার নাম লেখো।
- (গ) গুণরাজ খাঁ-এর অনুসারী কাব্যটির নাম লেখো। এই কাব্যে কোন কোন লীলার পরিচয় আছে?
- (ঘ) বৈষ্ণব পদাবলী সাহিত্যে কতপ্রকার রসের পরিচয় আছে? সেগুলি কী কী?
- (ঙ) চৈতন্যপরবর্তী পশ্চিমবঙ্গের শ্রেষ্ঠ মনসামঙ্গল রচয়িতার নাম কী? নারায়ণদেবের 'মনসামঙ্গল' কাব্যটির নাম কী?
- (চ) ধর্মমঙ্গলের আদি কবির নাম কী? তাঁর কাব্যটির নাম লেখো।
- (ছ) 'সতীময়না' কার রচনা? কাব্যটির উৎস কী?
- (জ) নাথধর্মের আদিগুরু কে? তাঁর দু'জন শিষ্যের নাম লেখো।
- (ঝ) শান্তপদাবলীর যে-কোনো চারটি পর্যায়ের নাম লেখো।
- (ঞ) বাউল সাধক লালনের গান কে প্রথম মুদ্রিত ক'রে প্রকাশ করেন? সেখানে মোট কতগুলি গান প্রকাশিত হয়?
- (ট) রাজা কৃষ্ণচন্দ্র রামপ্রসাদ সেনকে, কী উপাধি দিয়েছিলেন? কবির কালীকীর্তন ছাড়া অন্য দুটি কাব্যের নাম লেখো।
- (ঠ) চর্যাপদের প্রথম পদটি কার লেখা? সর্বাধিক পদ কোন কবি লেখেন?
- (ড) 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্য রচনার যে কারণ কবি কাব্যে লিখেছেন—তা উদ্ধৃত করো।
- (ঢ) ঘনরাম চক্রবর্তীর ধর্মমঙ্গল কাব্যের নাম কী? তাঁর কাব্যে কতগুলি পালা আছে?
- (ণ) প্রাক্-চৈতন্য যুগের দু'জন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) চর্যাপদের কাব্যমূল্য সংক্ষেপে আলোচনা করো। ৫
- (খ) বলরামদাসের পদাবলী রচনার কৃতিত্ব আলোচনা করো। ৫
- (গ) শিবায়ন কাব্যের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যটির শ্রেষ্ঠত্ব কোথায় তা আলোচনা করো। ১+৪=৫
- (ঘ) ময়মনসিংহ গীতিকায় কতগুলি পালা আছে? যে-কোনো একটি পালার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫
- (ঙ) চণ্ডীদাসের ভাবশিষ্য কাকে বলা হয়? পদাবলী রচনায় তাঁর কৃতিত্ব আলোচনা করো। ৫
- (চ) শাক্ত পদকর্তা কমলাকান্ত ভট্টাচার্যের কবি কৃতিত্ব আলোচনা করো। ৫

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটি কে, কবে আবিষ্কার করেন? কাব্যটি সংক্ষিপ্ত পরিচয় দিয়ে কাব্যমূল্য আলোচনা করো। ২+৮=১০
- (খ) চণ্ডীমঙ্গল কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে? তাঁর কবিত্ব শক্তির পরিচয় নির্দেশ করো। ১+৯=১০
- (গ) কবি ভারতচন্দ্র কোন রাজার কাছে থেকে কী উপাধি পেয়েছিলেন? তাঁর কাব্যের কোন কোন বৈশিষ্ট্যের জন্য তাঁকে যুগসন্ধির কবি বলা হয় তা আলোচনা করো। ১+১+৮=১০
- (ঘ) জীবনীকাব্য কাকে বলে? দুটি চৈতন্যজীবনী গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+৮=১০